



জনসংযোগ কার্যালয়

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ

ফোন: ৭৭৯১০৮৫-৫১, ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২

ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়:

‘বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও সেবা প্রদান প্রতিশ্রুতি’ শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৯ ডিসেম্বর ২০২২।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি'র আয়োজনে আজ ‘বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ও সেবা প্রদান প্রতিশ্রুতি’ শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে সকাল সাড়ে নয়টায় প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলম কর্মশালা উদ্বোধন করেন। উদ্বোধনী ভাষণে উপাচার্য সেবা প্রদান ও সেবা গ্রহণকারী, উভয়ের পাস্পরিক সহযোগিতা ও সম্মান জানানোর ওপর গুরুত্বারোপ করেন। উপাচার্য বলেন, সেবা প্রদানকারীদের সামর্থ বৃদ্ধি ও সেবার মান বাড়াতে হবে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মো: মনজুরুল হক। আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. সৈয়দ হাফিজুর রহমানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন রেজিস্ট্রার (চুক্তিভিত্তিক) রহিমা কানিজ। অনুষ্ঠান পরিচালনা করেন এপিএ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ফোকাল পয়েন্ট লুৎফর রহমান আরিফ। কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অফিসের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। উদ্বোধনী অনুষ্ঠানের পর টেকনিক্যাল সেশনে কর্মশালার প্রতিপাদ্য বিষয়ে বক্তব্য উপস্থাপন করা হয়।

ড. মোহাম্মদ মহিউর্রহমান
পরিচালক (ভারপ্রাপ্ত)

